**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 05-05-2025** **Desk in Charge : SDG**
**Time : 7.35 AM** **Compiling : S. Basu**
**DEO : KB** **NR : S. Basu**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, আজ মুর্শিদাবাদ জেলা সফরে যাচ্ছেন।

# হিংসা কবলিত সামশেরগঞ্জের বিভিন্ন এলাকা পরিদর্শনের পাশাপাশি বেশকিছু উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন তিনি।

২) রাজ্যে সাম্প্রদায়িক হিংসা ঠেকাতে মমতা ব্যানার্জির সরকার 'ব্যর্থ' বলে, রাজ্যপাল CV আনন্দ বোস কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকে রিপোর্ট পাঠিয়েছেন।

৩/ কেন্দ্রের নির্দেশেই, মুর্শিদাবাদের হিংসা ও অশান্তির নেতিবাচক রিপোর্ট রাজ্যপাল পাঠিয়েছেন বলে, রাজ্য সরকার জানিয়েছে।

৪/ পাকিস্তানি নাগরিকদের চিহ্নিত করে ফেরত পাঠানোর দাবিতে বিজেপি আজ রাজ্যের প্রতিটি জেলায় বিক্ষোভের ডাক দিয়েছে।

৫/ SSC-র প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিল মামলায় সুপ্রিম কোর্টের রায় 'পুনর্বিবেচনার' আবেদন জানিয়েছে রাজ্য সরকার এবং স্কুল সার্ভিস কমিশন।

৬/ ঘূর্ণাবর্তের জেরে রাজ্যে আগামী কয়েকদিন বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

*******************************************************************

সংশোধিত ওয়াকফ আইন নিয়ে সাম্প্রতিক হিংসার পর এই প্রথম মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ মুর্শিদাবাদ জেলা সফরে যাচ্ছেন। কলকাতা থেকে বহরমপুর পৌঁছে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিদের সঙ্গে বৈঠক করবেন।

পরদিন সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনের জেরে হিংসা কবলিত সামশেরগঞ্জের বিভিন্ন এলাকা পরিদর্শন করবেন বলে জানা গেছে। কথা বলবেন ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সদস্যদের সঙ্গে। সুতির ছাপঘাটি কেডি বিদ্যালয়ের মাঠে এক অনুষ্ঠানে বেশকিছু উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের কর্মসূচী রয়েছে তাঁর। সেখান থেকেই হিংসায় আক্রান্ত পরিবারের সদস্যদের হাতে আর্থিক সহায়তা তুলে দেবেন মুখ্যমন্ত্রী।

এদিকে, মুর্শিদাবাদে অশান্তিতে ক্ষতিগ্রস্ত শতাধিক পরিবারের নষ্ট হয়ে যাওয়া নথিপথ, যুদ্ধকালীন তৎপরতায় তৈরি করে দিতে হবে বলে রাজ্য সরকার নির্দেশ জারি করেছে।

*********************

মুখ্যমন্ত্রীর মুর্শিদাবাদ সফরকে কটাক্ষ করেছে বিজেপি। রাজ্য বিজেপি-র মুখপাত্র শমীক ভট্টাচার্য্য গতকাল সাংবাদিক সম্মেলনে বলেন, সুপরিকল্পিতভাবে মুর্শিদাবাদে হিন্দুদের উপর অত্যাচার চালানো হয়েছে।

( বাইট- শমীক )

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, মমতা ব্যানার্জী আসলে দেখাতে চাইছেন, সেখানে কিছুই হয়নি।

(বাইট – অধীর)

*********************

মাওবাদী সমস্যা শক্ত হাতে মোকাবিলা করলেও, রাজ্যে সাম্প্রদায়িক হিংসা ঠেকাতে মমতা ব্যানার্জীর সরকার ব্যর্থ বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রককে জানিয়েছেন। আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রয়োজনে সংবিধানের ৩৫৬

নম্বর ধারা প্রয়োগ করারও সুপারিশ রাজ্যপাল করেছেন বলে সংবাদ সংস্থা IANS জানিয়েছে। সম্প্রতি রাজ্যপাল নিজে মুর্শিদাবাদের অশান্ত এলাকাগুলি সরেজমিনে পরিদর্শনে যান। কথা বলেন ক্ষতিগ্রস্ত মানুষজনের সঙ্গে। তাঁর অভিজ্ঞতার কথায় রাজ্যপাল রিপোর্ট আকারে কেন্দ্রে পাঠিয়েছেন বলেন খবর। রিপোর্টে সংশোধিত ওয়াকফ আইন নিয়ে মুর্শিদাবাদে সাম্প্রদায়িক অশান্তির উল্লেখ রয়েছে। হিংসা ঠেকাতে পুলিশের ব্যর্থতা, বাহিনীতে লোকবলের অভাব, এবং পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেলেও কেন্দ্রীয় বাহিনী মোতায়েনে অনীহার মতো নানা বিষয় রিপোর্টে রয়েছে বলে জানা গেছে। পাশাপাশি বাংলাদেশের সঙ্গে সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়া এবং মালদা, মুর্শিদাবাদের মতো জেলাগুলিতে সশস্ত্র বাহিনীর ক্যাম্প তৈরির আশু প্রয়োজনীয়তার উপর রাজ্যপাল জোর দিয়েছেন।

*********************

কেন্দ্রের নির্দেশেই রাজ্যপাল মুর্শিদাবাদে হিংসা ও অশান্তির ঘটনার নেতিবাচক রিপোর্ট দিয়েছেন বলে রাজ্য সরকার জানিয়েছে। কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, রাজ্যপাল দিল্লির নির্দেশে কাজ করছেন। রিপোর্ট পাঠালেই হবে না, হিংসা রোধে সদিচ্ছার প্রয়োজন বলে মন্তব্য করেছেন CPIM নেতা আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য্য।

( বাইট- বিকাশ )

পশ্চিমবঙ্গের মানুষের রাজনৈতিক অধিকার তৃণমূলের কংগ্রেসের আমলে লাগাতার খবর করা হচ্ছে বলে বিজেপি নেতা শমীক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন। গতকাল এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, দল গণতান্ত্রিক উপায়ে লড়াইয়ে আগ্রহী।

রাজ্যপালের রিপোর্টের সঙ্গে দল সহমত নয় বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। এই ধরণের পদক্ষেপ দুর্ভাগ্যজনক ও গণতন্ত্রের পক্ষেও বিপদজনক বলে উল্লেখ করেন তিনি। দল, তৃণমূল সরকারের দুর্নীতি, সন্ত্রাস এবং মেরুকরণের রাজনীতির বিরুদ্ধে আন্দোলন চালিয়ে যাবে বলেও শুভঙ্করবাবু জানিয়েছেন।

*********************

নিরাপত্তা দেবার নামে পুলিশ তাদের জোর করে তুলে নিয়ে যেতে চাইছে- এই মর্মে রাজ্যপাল সিভি আনন্দ বোস-কে চিঠি লিখেছেন মুর্শিদাবাদে সামশেরগঞ্জের জাফরাবাদে হিংসায় নিহত হরগোবিন্দ এবং চন্দন দাসের স্ত্রী। উপযুক্ত নিরাপত্তারও দাবি জানানো হয়েছে। হরগোবিন্দ দাস এবং চন্দন দাসের পারিবারের সদস্যদের অপহরণ করা হয়েছে- এই অভিযোগের ভিত্তিতে জঙ্গিপুর পুলিশ জেলা এবং বিধাননগর কমিশনারেটের পুলিশের দল গতকাল বিধাননগরের একটি বাড়িতে যায়। পুলিশের বিরুদ্ধে দরজা ভেঙে বাড়িতে প্রবেশ এবং জোর করে হরগোবিন্দ এবং চন্দনের স্ত্রীকে নিয়ে যাওয়ার চেষ্টা হয়েছে বলে বিজেপির অভিযোগ। যদিও দাস পরিবারের দাবি, তাদের মোটেই অপহরণ করা হয়নি। নিরাপত্তার কারণে তারা আত্মগোপন করেছেন।

পুলিশি অভিযানের খবর পেয়ে ঘটনাস্থলে যান বিজেপি নেতা সজল ঘোষ এবং আইনজীবী তরুণজ্যোতি তিওয়ারি। তাঁদের দাবি, মুখ্যমন্ত্রীর সভায় দুই নিহতের স্ত্রীকে নিয়ে যেতে চাইছে প্রশাসন। সেই কারণেই এই পুলিশি অভিযান। বর্তমানে হরগোবিন্দ দাসের পরিবারের লোকজন সল্টলেকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বাড়িতে আশ্রয় নিয়েছে বলে জানা গেছে।

এদিকে, সল্টলেকের বাড়ি থেকে পরিবারটিকে মুর্শিদাবাদে নিয়ে যাওয়ার চেষ্টার অভিযোগ, সম্পূর্ণ ভিত্তিহীন বলে জঙ্গিপুর পুলিশ জেলার সুপার অমিত সাউ জানিয়েছেন।

*********************

পাকিস্তানি নাগরিকদের চিহ্নিত করে ফেরত পাঠানোর দাবিতে বিজেপি আজ রাজ্যের প্রতিটি জেলায় বিক্ষোভ কর্মসূচী পালন করবে।

বালুরঘাটে গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, কেন্দ্রীয় সরকার পাকিস্তানী নাগরিকদের চিহ্নিত করে ফেরত পাঠানোর জন্য একটি বিজ্ঞপ্তি জারি করলেও রাজ্য সরকার এবিষয়ে কোন তথ্য প্রকাশ করেনি।

( বাইট – সুকান্ত)

*********************

SSC-র প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিল মামলায় সুপ্রিম কোর্টের রায় পুনর্বিবেচনার আবেদন জানিয়েছে রাজ্য সরকার এবং স্কুল সার্ভিস কমিশন। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে আগামী ৮ মে এই রিভিউ পিটিশনের শুনানি হতে পারে।

অন্যদিকে, চাকরিতে পুনর্বহালের দাবিতে গতকাল কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাসভবনে যান যোগ্য তালিকায় নাম না থাকা চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীরা। মুখ্যমন্ত্রীর দপ্তরের আধিকারিকরা তাঁদের বক্তব্য শোনেন।

*********************

প্রতিবাদী এবং বিচারপ্রার্থীদের ওপর রাজ্য প্রশাসনের নির্দেশে লাগাতার আক্রমণ চলছে বলে, অভয়া মঞ্চের সদস্য চিকিৎসক সুবর্ণ গোস্বামী মন্তব্য করেছেন।

গতকাল হাওড়ার রামরাজাতলা বাণীনিকেতন লাইব্রেরী হলে এক গণকনভেনশনে তিনি একথা বলেন। অভয়া মঞ্চের আহ্বায়ক ডক্টর পুন্যব্রত গুণ, RG KAR কান্ডের সঠিক তদন্ত এবং বিভিন্ন সামাজিক ন্যায়ের দাবীতে লাগাতার আন্দোলন চালিয়ে যাওয়ার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। অভিজিত মিত্র মেমোরিয়াল চ্যারিটেবল সোসাইটি এবং রামরাজাতলা নাগরিক মঞ্চ যৌথভাবে এই গণকনভেনশনের আয়োজন করে।

*********************

কলকাতার কালীঘাট থানা এলকায় আদিগঙ্গার খালে গতকাল একটি মৃতদেহ ভাসতে দেখা যায়। স্থানীয়রা পুলিশে খবর দিলে বিপর্যয় মোকাবিলা বাহিনীর সদস্যরা দেহটি উদ্ধার করে ময়না তদন্তে পাঠায়। মৃত ব্যক্তির পরিচয় জানার চেষ্টা চলছে।

*********************

দার্জিলিং জেলার খড়িবাড়ির পানিট্যাঙ্কিতে নেপালে প্রবেশের আগে ‘সীমা সুরক্ষা বল’- SSB-র হাতে ছয় মায়ানমারের নাগরিক ধরা পড়েছে। ধৃতদের কাছে আধার

কার্ড মিলেছে। অবৈধভাবে এদেশে প্রবেশের পর তারা ভারতীয় পরিচয় পত্র তৈরী করায় বলে পুলিশ সূত্রে খবর। সন্দেহজনক গতিবিধি লক্ষ্য করে SSB ওই ছ'জনকে আটক করে পুলিশের হাতে তুলে দেয়।

**********************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, অন্ধ্রপ্রদেশ এবং ওড়িশা উপকূল পর্যন্ত বিস্তৃত তিনটি ঘূর্ণাবর্তের জেরে গোটা রাজ্যে আগামী কয়েকদিন বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী বৃহস্পতিবার পর্যন্ত তাপমাত্রার পারদ স্বাভাবিকের চেয়ে কম থাকবে বলে আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছে।

(বাইট – সোমনাথ)

এদিকে, কলকাতায় আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৬ দশমিক দুই ডিগ্রী সেলসিয়াস।  সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

*****************************************************************